

■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৯৪

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ قَتَلَ عُصنْفُورًا فَمَا فَوْقَهَا بِغَيْرِ حَقِّهَا سَأَلَهُ اللَّهُ عَنْ قَتْلِهِ» قِيلَ: يَا رَسُولَ اللَّهِ وَمَا حَقُّهَا؟ قَالَ: «أَنْ يَذْبُحَهَا فَيَأْكُلُهَا وَلَا يَقْطَعَ رَأْسَهَا فَيَرْمِيَ بِهَا» . رَوَاهُ أَحْمد وَالنَّسَائِيِّ والدرامي

বাংলা

৪০৯৪-[৩১] 'আবদুল্লাহ ইবনু 'আমর ইবনুল 'আস (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি না-হক চডুই কিংবা তদপেক্ষা ছোট পাখি হত্যা করবে, (কিয়ামতের দিন) আল্লাহ তা'আলা তাকে তার হত্যার ব্যাপারে জিজ্ঞেস করবেন। জিজ্ঞেস করা হলো- হে আল্লাহর রসূল! তার হক কি? তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাকে যাবাহ করে খাবে এবং তার মাথা কেটে ফেলে দেবে না। (আহমাদ, নাসায়ী ও দারিমী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: মুসনাদে আহমাদ ইবনু হাম্বাল ৬৫৫১, নাসায়ী ৪৪৪৫, দারিমী ১৯৭৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৮৫৯৪, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাকী ৫৬৩৫, মুসনাদুশ্ শাফি'ঈ ১৪৮৩, শু'আবুল ঈমান ১১০৭৫।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ তার সানাদ দুর্বল (য'ঈফ)। এর কারণ হলো, "সুহায়ব" নামক বর্ণনাকারীর অবস্থা জানা যায় না। দেখুন- বায়ানুল ওয়া হামওয়াল ইহাম ফী কিতাবিল আহকাম ৪/৫৯০ পুঃ, হাঃ ২১৩২।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন